

মরিচকাঁপি
দেশ ভিখারি বনাম রাষ্ট্র

মরিচকাঁপি

দেশ ভিখারি বনাম রাষ্ট্র

সম্পাদনা

মধুময় পাল



স্বপ্ন

MARICHJHANPI
DESHBHIKHARI BANAM RASTRA
A Book on Bengali Refugees Versus Statepower
Edited by Madhumay Pal

First Published
January, 2026

ISBN 978-81-7332-729-2

Price ₹ 675

প্রথম প্রকাশ
জানুয়ারি, ২০২৬

প্রচ্ছদ
সৌরীশ মিত্র

দাম ₹ ৬৭৫

পুনশ্চ, ১১৪ এন, ডা. এস. সি. ব্যানার্জি রোড, কলকাতা - ৭০০ ০১০ থেকে
সন্দীপ নায়ক কর্তৃক প্রকাশিত এবং শিবানী প্রিন্টিং ১৭এ, স্যার গুরুদাস রোড,
কলকাতা - ৭০০ ০৫৪ থেকে মুদ্রিত ফোন - ৮৯১০২৮৩৪৪৮
Email: punaschabooks@gmail.com
Web: www.punaschabooks.com

দেশভাগ যাঁদের দেশভিখারি করেছে

সূচি

- ‘ছুডোলোক বাঙালি’র কথা যারা দেশ রচনা করেছিল মধুময় পাল ৯
- দণ্ডকারণ্যের উদ্বাস্ত শৈবালকুমার গুপ্ত ২১
- সংবাদপত্রের পাতা থেকে
- চর হাসনাবাদে ৬০০০ উদ্বাস্ত ৩৩
- ইছামতী নদী পেরিয়ে ৯০০০ উদ্বাস্ত সুন্দরবনের দিকে ৩৩
- দুই উদ্বাস্ত নেতার সঙ্গে মহাকরণে আলোচনা ৩৪
- হাসনাবাদে জমায়েত দণ্ডকারণ্যের উদ্বাস্ত ৩৪
- সুন্দরবন : উদ্বাস্তর স্রোত বিরামহীন ৩৮
- দণ্ডকারণ্য ফেরত উদ্বাস্তদের প্রতি জ্যোতি বসু ৩৯
- দণ্ডকের উদ্বাস্তদের কথা কে ভেবেছি বরণ সেনগুপ্ত ৪২
- দণ্ডকারণ্য ঘুরে দুটি প্রতিবেদন পান্নালাল দাশগুপ্ত ৪৫
- দশ হাজার রবিনসন ক্রুশো অবিকল খুলনা বানাচ্ছেন জ্যোতির্ময় দত্ত ৫৪
- চিত্রমালা-১ ৫৯-৬২
- মরিচবাঁপি সম্পর্কে জরুরি কথা সুনীল গঙ্গোপাধ্যায় ৬৩
- বিধানসভায় বিবৃতি জ্যোতি বসু ৬৬
- মুখ্যমন্ত্রীর বিবৃতি কাঁচা হাতের মক্‌সো দেবপ্রসাদ সরকার ৭৭
- উপবাসী মরিচবাঁপিতে জ্যোতির্ময় দত্ত ৮০
- মরিচবাঁপিতে অবরোধের সময় কমলা বসু ৮৩
- মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ সুনীল গঙ্গোপাধ্যায় ৯০
- মরিচবাঁপি কি মরীচিকা শৈবালকুমার গুপ্ত ৯২
- তুমি আর নেই সে তুমি শঙ্খ ঘোষ ১০০
- উলটোরথ শঙ্খ ঘোষ ১০১
- কবিতাটির জন্মবৃত্তান্ত শঙ্খ ঘোষ ১০২

ঠাকুরমার ঝুলি সুভাষ মুখোপাধ্যায় ১০৩
 স্বাধীনতার স্বাদ! নির্মলকান্তি ঢালি ১০৫
 একালের কারবালা সুখরঞ্জন সেনগুপ্ত ১৩৪
 চিত্রমালা-২ ১৭৩-১৭৮
 সংবাদপত্রের পাতা থেকে
 মরিচঝাঁপির ব্যাপারে হাইকোর্টের নিষেধাজ্ঞা ১৯৪
 ‘মরিচঝাঁপিতে অবরোধ অব্যাহত রাখা হবে’ ১৯৫
 অপারেশন মরিচঝাঁপি পান্নালাল দাশগুপ্ত ১৯৭
 অভূতপূর্ব অসম অঘোষিত যুদ্ধ মনোজ ভট্টাচার্য ১৯৯
 জালিয়ানওয়ালাবাগকেও হারিয়ে দিল প্রফুল্ল কুমার ঢালি ২১১
 রাষ্ট্রের যুদ্ধ, নিরীহের মৃত্যু অনুলিখন: মধুময় পাল ২১৭
 উদ্বাস্ত ‘বিদায়’ প্রক্রিয়া তুষার ভট্টাচার্য ২৩০
 রক্তস্নাত মরিচঝাঁপি রাধিকারঞ্জন বিশ্বাস ২৩৭
 মরিচঝাঁপির বডি! অশোক চৌধুরী ২৪৪
 সুন্দরবনের বাঘ নরখাদক হল কীভাবে অনু জালে ২৪৭
 ঠাণ্ডা ছাই, উষ্ণ অশ্রু শ্যামাপ্রসাদ বৈদ্য ২৬৩
 ছিন্ন মেঘের রৌদ্রলেখাগুলি মুকুন্দ গায়েন ২৭৪
 চিত্রমালা-৩ ২৭৭-২৮৮
 শঙ্খ ঘোষের দুটি কবিতা উচ্ছেদের উৎকীর্ণ ইতিহাস মধুময় পাল ২৯৪
 একদা নিশীথকালে অশোক মিত্র ৩০৩
 পরিশিষ্ট
 Refugee Resettlement in Forest Reserves Ross Mallick ৩০৯
 উদ্বাস্ত: তিনটি চিঠি, পর্বে পর্বান্তরে ৩৩৭
 মরিচঝাঁপির শিক্ষা ৩৪৬
 মরিচঝাঁপির অভিযাত্রীরা ‘পথের শেষ’-এ পৌঁছলেন পীযুষকান্তি নন্দী ৩৪৮
 প্রেস বিজ্ঞপ্তি ৩৫৪
 লজ্জা ও ঘৃণার কালো ইতিহাস বিনুক চক্রবর্তী ৩৫৬
 দলিলের কথকতা ৩৬১

‘ছুডোলোক বাঙালি’র কথা যারা দেশ রচনা করেছিল

১. ‘বাংলা ভাষা ও সংস্কৃতি থেকেও আমাদের তাড়ালেন’

মালকানগিরির পুলিমেন্টলা থেকে মাঝে মাঝে ফোন করতেন নির্মলকাস্তি ঢালি। বলতেন, দাদা, আমাদের বাংলা থেকে খেদিয়ে দিলেন। বাংলা ভাষা ও সংস্কৃতি থেকেও তাড়ালেন। আমাদের সন্তানরা আর বাংলা বলে না। আমরা আর বাঙালি থাকতে পারলাম না। শুধু বাংলার বাইরে নয়, বাঙালির বাইরে আমাদের সদগতি হল!

শুনে যেতাম। নির্মলকাস্তিকে বলবার কিছু ছিল না।

দাদা, আমরা পূর্ববঙ্গ থেকে তাড়া খেয়েছি। ধর্মের ভিত্তিতে ভাগ হওয়া দেশ পাকিস্তানে ছিলাম সংখ্যালঘু। সেখানে আমাদের কথা শোনার লোক কম ছিল। স্বাধীন সার্বভৌম ধর্মনিরপেক্ষ হিন্দুস্থানে কেন আমাদের উচ্ছেদ করা হল, সে প্রশ্ন করতে পারলাম কই? কীভাবে উচ্ছেদ করা হল সে কথা বলতে পারলাম কই? এখানেও কি চাপা দ্বিজাতিতত্ত্ব নেই? নেই ছোটোলোকদের প্রতি উপেক্ষা? দাদা, শুনেছিলাম গণশুনানি হবে, আমাদের যন্ত্রণার কথাগুলো জনসমক্ষে বলতে পারব। গণশুনানি কেন হল না? আমাদের কথা কি বাংলার মানুষ শুনতে চায় না? বাংলায় আর ভিটে চাই না, অনুদান চাই না, ত্রাণ চাই না। শুধু নিজেদের কথাগুলো বাংলার মানুষকে শোনার একটা সুযোগ চাই।

চুপ করে থাকি।

একদিন নির্মলকাস্তি চুপ করে গেলেন। তারপর চুপ চিরতরে।